কুষ্টিয়ায় ভেজাল সার বাজারজাত করায় মালিকের জেল-জরিমানা

কুষ্টিয়ার মিরপুরে ভেজাল ও নিম্নমানের সার বাজারজাত করায় মিলন আহমেদ (৩২) নামে এক যুবককে কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। একই সঙ্গে তাকে একলাখ টাকা জরিমানা করা হয়।

সোমবার (৯ জানুয়ারি) বেলা ২টার দিকে মিরপুর উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) মো. হারুন অর রশিদ এই ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন জানান, মিলন ২০২০ সালে স্থানীয় থানাপাড়া এলাকায় ম্যারিকো অ্যাগ্রোভেট নামে সার মোড়কজাত করার লাইসেন্স নেন। সেখান থেকে তিনি নিম্নমানের ভেজাল সার বাইরে থেকে সংগ্রহ করে মোড়কজাত করেন। এরপর সেটি বাজারে বিক্রি করে আসছিলেন।

কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আরও জানান, সারের বিষয়ে সন্দেহ হলে সেটি ল্যাবে পরীক্ষার জন্য পাঠানো হয়েছিল। পরীক্ষা করে ভেজাল শনাক্ত হয়। ভেজাল সারের বিরুদ্ধে এই অভিযান অব্যাহত থাকবে।

ইউএনও জানান, সার ব্যবস্থাপনা আইনে দোষী সাব্যস্ত হওয়ায় অভিযুক্ত মিলন আহমেদকে সাত দিনের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। একই সঙ্গে তাকে এক লাখ টাকা জরিমানা করা হয়।

আলমডাঙ্গায় ভ্রাম্যমান আদালতে ৩ মাদকসেবীর জেল-জরিমানা

আলমডাঙ্গার ছোটপুটিমারী গ্রামের তিনজন মাদক সেবীকে ৩ মাসের কারাদন্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। সোমবার (৫ ডিসেম্বর) বিকেল সাড়ে তিনটার দিকে আলমডাঙ্গা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তিনজনকে কারাদণ্ড প্রদান করে।

আদালত সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের ছোটপুটিমারী গ্রামের মৃত নাশির আলমের ছেলে ইসতিয়াক উল আলম (২৭),একই গ্রামের মৃত তেলা মিস্ত্রির ছেলে শাহীন আলী, গড়গড়ি গোবিন্দপুর গ্রামের জহুরুল ইসলামের ছেলে বাঁধন আলী ।

আদালত সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের ছোটপুটিমারী গ্রামের তিন যুবক ট্যাপেন্টাডল ট্যাবলেট সেবনের জন্য অবস্থান করছিলো। এসময় গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা মুন্সিগঞ্জ ফাঁড়ি পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে তাদের আটক করে।

পরে, তাদের নিকট থেকে ৪ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ ৩ জনকে আটক করে।

ঘটনাটি আলমডাঙ্গা উপজেলা সহকারী কমিশন ভূমি রেজওয়ান নাহিদকে জানালে ঘটনাস্থলে উপস্থিত হয়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। তিনজনকে ১ শত টাকা জরিমানা ও ৩ মাস করে জেল প্রদান করে ।